

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



অফিস আদেশ

বগুড়া জেলার বগুড়া কলেজ-এ ডিগ্রি কোড না থাকা সত্ত্বেও ২১ জন শিক্ষক-কর্মচারী ডিগ্রি পর্যায়ে এমপিওভুক্ত আছেন এবং বর্ণিত কলেজের ২ জন শিক্ষক ও ১ জন সহকারী লাইব্রেরিয়ান ডিগ্রি কোডের বেতন প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৫৫২১/১৪ দায়ের করেন। মামলা শুনানীকালে বর্ণিত শিক্ষকগণ মহামান্য হাইকোর্টে জানান যে, তাদের কলেজের অধ্যক্ষ, জনাব কে.বি.এম মুসা ডিগ্রি কোডে বেতন উত্তোলন করছেন। ২৪/০৩/২০১৮খ্রি. তারিখের এমপিও চূড়ান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বিষয়টি পুনরায় তদন্ত করে পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রদানের জন্য নিম্নোক্ত ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়। মাউশি অধিদপ্তরের স্মারক নং ৭জি/১৪০৪(ক-৩)/২০০৫(পার্ট-১)/১২৮৫/৮, তারিখ-১১/০৪/২০১৯খ্রি. এর আদেশটি প্রত্যাহার করা হলো।

১. প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য, পরিচালক(প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. প্রফেসর মোঃ মনোয়ার হোসেন, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৩. জনাব সৈয়দ জাফর আলী, উপ-পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ ডিএ পাবেন।

স্বাক্ষরিত/
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২

স্মারক নং-৭জি/১৪০৪(ক-৩)/২০০৫(পার্ট-১)/৩৮০৫/৮

তারিখ: ২৬/০৫/১৪২৬ বঙ্গাব্দ
১২/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলঃ

১. প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য, পরিচালক(প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. প্রফেসর মোঃ মনোয়ার হোসেন, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৩. জনাব সৈয়দ জাফর আলী, উপ-পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
৪. সভাপতি, পরিচালনা পরিষদ, বগুড়া ডিগ্রি কলেজ, বগুড়া।
৫. অধ্যক্ষ, বগুড়া ডিগ্রি কলেজ, বগুড়া।
(তদন্তকালে প্রমাণাদিসহ উপস্থিত থেকে তদন্ত কর্মকর্তাকে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত 12.9.19
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭